

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নগর উন্নয়ন অধিদপ্তর
৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.udd.gov.bd
ই-মেইল: director.udd1965@gmail.com
ফোনঃ ৯৫৬২৭২৮

স্মারক নং- ২৫.৪৫.০০০০.০০০.২৩.২১১.১৭-

তারিখঃ ১০/৫/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ট্যুরিস্ট পুলিশ ঢাকা জোনের অফিস, অফিসার ও ফোর্সদের আবাসনের জন্য খিলগাঁও থানাধীন নন্দীপাড়া মৌজায় ০.৯৬ একর অর্পিত সম্পত্তি ট্যুরিস্ট পুলিশের অনুকূলে অধিগ্রহণের জন্য অনাপত্তি/ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ ১। আপনার দপ্তরের স্মারক নং-ট্যুরিস্ট/(এস্টেট)১৭২৩, তারিখঃ ১১/৫/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ট্যুরিস্ট পুলিশ ঢাকা জোনের অফিস, অফিসার ও ফোর্সদের আবাসনের জন্য খিলগাঁও থানাধীন নন্দীপাড়া মৌজায় আর. এস. দাগ নং-১১৬০ ও ১৩১৩ এ কম/বেশি ০.৯৬ একর অর্পিত সম্পত্তি ট্যুরিস্ট পুলিশের অনুকূলে অধিগ্রহণের জন্য অনাপত্তি/ছাড়পত্র চেয়ে আবেদন করা হয়। প্রস্তাবিত জমি রাজউক কর্তৃক প্রণীত ঢাকার Detailed Area Plan (DAP) এর অন্তর্ভুক্ত। DAP এর Location-9, 11, 16, Sheet no- J 11 যাচাই করে দেখা যায় যে, খিলগাঁও থানাধীন নন্দীপাড়া মৌজাস্থিত আর. এস. দাগ নং- ১১৬০ ও ১৩১৩ জায়গাটি Urban Residential Zone এ Permitted Land Use হিসেবে Residential Use এর উল্লেখ থাকলেও Police Station/Government Office করার উল্লেখ নাই।

এক্ষেত্রে RAJUK এর DAP Report এ প্রস্তাবিত সম্পত্তি/জমি Land Use Conditionally Permitted হিসেবে Police Station/Government Office এর উল্লেখ রয়েছে এবং DAP Report এ উল্লেখ রয়েছে যে "May be permitted or disallowed in this zone after review and approval by the Authority / Committee."

এমতাবস্থায় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ভূমি ব্যবহারের শ্রেণি পরিবর্তন এবং প্রস্তাবিত জমিতে রাজউকের শর্ত সাপেক্ষে অনাপত্তি থাকায় অত্র দপ্তর হতে রাজউকের অনাপত্তি পত্রের শর্তসমূহ অনুসরণ পূর্বক নির্দেশক্রমে অনাপত্তি/ছাড়পত্র প্রদান করা হল।

স্বাক্ষরিতঃ-

(উদয় শংকর দাস)

সিনিয়র প্ল্যানার

নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

ডিআইজি

ট্যুরিস্ট পুলিশ, ঢাকা

পুলিশ সুপার এর কার্যালয়

বাড়ী নং-৩২, রোড নং-১, ব্লক-এ, বনশ্রী, রামপুরা, ঢাকা।

স্মারক নং- ২৫.৪৫.০০০০.০০০.২৩.২১১.১৭-

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

২। অতিরিক্ত ডিআইজি (এস্টেট), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

৩। পুলিশ সুপার, (প্রশাসন, অর্থ ও লজিস্টিকস), ট্যুরিস্ট পুলিশ, ঢাকা।

৪। উপ-পরিচালক (ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

✓ ৫। জনাব মোঃ মাকসুদ হাশেম, সিনিয়র প্ল্যানার (আরবান প্ল্যানিং), নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। [পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ সহ]


৬। সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্ল্যানিং -২, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৭। মোঃ তানভীর হাসান রেজাউল, প্ল্যানার, থানা সেন্টার প্ল্যানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৮। ভূমি অধিগ্রহণে অনাপত্তি পত্র (NOC) প্রদান সংক্রান্ত মাস্টার ফাইল।

৯। অফিস কপি।

তারিখঃ ১২/৫/২০১৭ খ্রিঃ



মোঃ মোস্তাফিজ আলম

প্রশাসনিক কর্মকর্তা

নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।